

(2)

Ex./BANGLA/PG/1.56A/2018

৫. বিমল করের 'অসময়' উপন্যাসটি অসময় শব্দটিকে কীভাবে বুঝতে চেয়েছে বলে তুমি মনে কর – নিজের ভাষায় জানাও। ১০

অথবা

৬. 'অসময়' উপন্যাসে শচীপতি কী ভূমিকা পালন করে বুঝিয়ে দাও। ১০

৭. 'হারবার্ট' কে তুমি কি একটি রাজনৈতিক উপন্যাস হিসেবে পড়তে চাইবে? উপন্যাসে আলোচনা সূত্রে এ বিষয়ে তোমার বিস্তৃত অভিমত জানাও।

অথবা

৮. তোমার কি মনে হয় 'হারবার্ট' উপন্যাসে জাদুবাস্তবতার (magic realism) ব্যবহার আছে? উপন্যাসের বিশ্লেষণধর্মী আলোচনার সাহায্যে তোমার বক্তব্য লেখো। ১০

— x —

স্নাতকোত্তর অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, প্রথম সেমিস্টার)

বিভাগ - বাংলা

আধুনিক বাংলা উপন্যাস

কোর্স পি.জি. - ১.৫৬এ

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর দাও।

১. যদি বলা হয় 'স্বরলিপি' উপন্যাসে পৃথ্বী ও শীতার ভালোবাসার পথে রাজনীতিই বার বার বাধা হয়ে দাঁড়িয়েছে তাহলে কি তুমি তার সঙ্গে সহমত হবে? নাকি তুমি অন্য কোনওভাবে এই সম্পর্কটিকে পড়তে চাও। ১০

অথবা

২. পার্টির কাগজে কৃষকদের 'অপূর্ব অভ্যুত্থান'-এর কাহিনি তেভাগার প্রত্যক্ষ সংগ্রামক্ষেত্র থেকে ফিরে আসা ফল্গুকে বিস্ময়ে হতবাক করে দিয়েছিল। এই প্রতিক্রিয়া কি তোমার সংগত বলে মনে হয়? যুক্তিসহ আলোচনা করো। ১০

৩. 'অস্তর্জলী যাত্রা' উপন্যাসে উনিশ শতকের সমাজ ও সংস্কার যেভাবে জীবনের ছন্দকে নস্যাত করেছিল উপন্যাস অবলম্বনে তার পরিচয় দাও। ১০

অথবা

৪. 'অস্তর্জলী যাত্রা' উপন্যাসে চিত্রকল্পের ব্যবহার কথকের বক্তব্যের সহযোগী হয়ে উঠেছে, আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

(Turn over)